

## ইনোভেশন টিমের উদ্দেশ্যঃ

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পছা উদ্ভাবন ও চর্চার ক্ষেত্র গড়িয়া তোলা ।

স্ব স্ব কার্যালয়ের সেবাপ্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনায়ন , পরিবর্তনের রূপকার হিসাবে স্বীয় কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা, আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উদ্ভাবনকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম-সদস্যগণের কর্মস্পৃহার বিকাশসাধন এবং নাগরিকসেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন, ইত্যাদি সেবা ও উদ্ভাবনীমূলক দায়িত্ব পালন করা ।

## ইনোভেশন টিমের কার্যপরিধিঃ

- (১) স্ব স্ব কার্যালয়ের সেবাপ্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনায়ন;
- (২) এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
- (৩) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- (৪) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন; এবং
- (৫) প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা ।

## চিফ ইনোভেশন/ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যাবলিঃ

- (১) স্ব স্ব কার্যালয়ের ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;
- (২) পরিবর্তনের রূপকার হিসাবে স্বীয় কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা, আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উদ্ভাবনকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম-সদস্যগণের কর্মস্পৃহার বিকাশসাধন এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;
- (৩) নাগরিকসেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;
- (৪) স্বীয় কার্যালয়ের সম্ভাব্য সকল সেবাকে ই-সেবায় রূপান্তরে সমন্বয়কের দায়িত্ব পালন এবং ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও টিহিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিতকরণ;
- (৫) স্ব স্ব কার্যালয়ের যাবতীয় তথ্যাবলির সন্নিবেশ করিয়া প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি ও হালনাগাদ রাখার ব্যবস্থা গ্রহণ এবং কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;
- (৬) জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action Plan-এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;
- (৭) স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয়সভায় উপস্থাপন;
- (৮) তথ্য অধিকার আইন অনুসারে স্ব স্ব কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহিত সমন্বয়সাধন; এবং
- (৯) জাতীয় ই-জিফ (eGIF: e-Governance Interoperability Framework)- এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শমানে আনায়ন (standardization) ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ ।

মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং-০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮ এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রাপ্ত মন্ত্রিপরিষদ বিভাগের ২৫ এপ্রিল ২০১৩ তারিখের পত্র নং-০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-২১ অনুসরণে গত ৩০ মে ২০১৩ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের অনুমোদনক্রমে ৬ সদস্যর ইনোভেশন টিম গঠন করা হয় (নং- ০৯.৬১১.০০৬.০৩.০০.০১১.২০১৩-৯৯, তারিখঃ ৩০.০৫.২০১৩) | পরবর্তীতে গত ১৫/১০/২০১৪ তারিখে এ টিম পুনরায় নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে পূর্ণগঠিত করা হয়ঃ

### ইআরডি ইনোভেশন টিম এর গঠন নিম্নরূপঃ

১. মুহাম্মদ আমজাদ হোসাইন - সভাপতি  
যুগ্ম সচিব (প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ)
২. মিজ ফরিদা নাসরীন - সদস্য  
যুগ্ম সচিব (ফাবা অনুবিভাগ)
৩. জনাব মুহাঃ আলকামা সিদ্দিকী - সদস্য  
যুগ্ম সচিব (ইইপি অধিশাখা)
৪. শাহ মোঃ আমিনুল হক - সদস্য  
যুগ্ম সচিব (আমেরিকা অধিশাখা)
৫. মোঃ আনোয়ার হোসেন - সদস্য  
উপ সচিব (বিশ্ব ব্যাংক অধিশাখা)
৬. জনাব মোঃ আবদুস ছোবহান - সদস্য-সচিব  
সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল